



বিএনপির সাত দিনের কর্মসূচি ঘোষণা



ছবি: সংগৃহীত

শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাতবার্ষিকী উপলক্ষে সাত দিনের কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। আগামী ২৫ মে থেকে ১ জুন পর্যন্ত দেশব্যাপী নানা কর্মসূচি পালন করবে দলটি।

সোমবার (১৮ মে) রাজধানীর নয়াপল্টনে আয়োজিত এক সংবাদ ব্রিফিংয়ে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এ কর্মসূচির বিস্তারিত তুলে ধরেন। তিনি জানান, কর্মসূচির সময়ের মধ্যে ঈদ থাকায় কোনো স্থানে আলোচনা সভা বা অন্যান্য আয়োজন এক-দুই দিন পরে হলেও তাতে সমস্যা হবে না।

তিনি আরও বলেন, আগামী ৩০ মে ভোর ৬টায় নয়াপল্টনের কেন্দ্রীয় কার্যালয়সহ সারা দেশে দলীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং কালো পতাকা উত্তোলন করা হবে। একই দিন বেলা ১১টায় দলের মহাসচিব, কেন্দ্রীয় নেতৃবৃন্দ ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান—এর মাজারে শ্রদ্ধা নিবেদন ও জিয়ারত করবেন। এ সময় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান উপস্থিত থাকবেন বলে জানান তিনি।

এ ছাড়া আগামী ৩১ মে রাজধানীর রমনায় একটি আলোচনা সভার আয়োজন করবে বিএনপি। পাশাপাশি ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের বিভিন্ন থানায় অসহায় ও দুস্থ মানুষের মাঝে কাপড়, চাল, ডালসহ খাদ্যসামগ্রী বিতরণ করা হবে।

রিজভী বলেন, শুধু রাজধানীতেই নয়, সারা দেশের জেলা ও মহানগর পর্যায়েও আলোচনা সভা, দোয়া মাহফিল এবং দুস্থদের মাঝে খাদ্য ও বস্ত্র বিতরণের কর্মসূচি পালন করবে বিএনপি।